

বিদ্যালয়ের নেতৃত্ব: শিখনের পরিবেশ

বাংলা

আমি যখন ক্লাসরুমে যাই, শিক্ষক ও শিক্ষার্থীরা সেটা সমাদর করে যে, তাদের অধ্যক্ষ তাদের সাথে রয়েছেন এবং তাদের কাজের দেখাশোনা করছেন।

শিশুরা খুশী এবং শিক্ষকরাও আনন্দিত যে, তারা ক্লাসে যাই পড়ান না কেন, অধ্যক্ষ তা পর্যবেক্ষণ করছেন। শিশুদের মধ্যে কৌতুহল রয়েছে এবং শিক্ষক ও শিশুদের মধ্যে একটা ভাল পরিবেশ বজায় রয়েছে।

শিশুরা শিখতে পেরে খুব খুশী। একজন শিশু কিছু আবৃত্তি করে এবং অন্য শিশুরা তা পুনরাবৃত্তি করে। যেসব শিশুরা বিষয়টা নতুন পড়ছে, তা শেখার চেষ্টা করছে এবং প্রত্যেকে ভালভাবে শিখছে।

আমি এই স্কুলে আসার পর থেকে, স্কুলের পরিচ্ছন্নতা ও সময়ানুবর্তিতাকে অগ্রাধিকার দিয়েছি। শিক্ষকরা সবসময় আমার সাথে সহযোগিতা করেন এবং আমার সহায়তার জন্য দ্রুত এগিয়ে আসেন।

আমি এখানে কাজ করা শুরু করার পর থেকে, স্কুল সময়ে শুরু হয়। শিশুরা সময়ে এসে পৌঁছায়। প্রতিটি সেশন সময়ে শুরু হয়। স্কুলটি পরিষ্কার হয়েছে এবং সমস্ত ক্লাস সময়ে চলে।

সব শিশুরা ও শিক্ষকরা সময়ে তাদের ক্লাসে যোগ দেয়। যদিও আমাদের সামনে কিছু চ্যালেঞ্জ ছিল, আমি কোন বড় ধরনের অসুবিধা লক্ষ্য করিনি। আমি শিক্ষক ও বাবা-মায়েদের সাথে কাজ করেছি। তাদের সহযোগিতায়, আমি প্রত্যেকের সমর্থন নিয়ে আমার কাজ করছি।